# ডিসেম্বর ২০২২ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৯.১২.২০২২খ্রি.

সময় ঃ দুপুর ১১.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি গভীর দুঃখের সাথে জানান যে, উপজেলা পরিষদে দৈনিক মজুরীর ভিত্তিতে মালি হলেও উপজেলা নির্বাহী অফিসারের দাপ্তরিক কোন গাড়িচালক না থাকায় হেভি গাড়ি চালানোর লাইসেন্স থাকায় গাড়িচালক হিসেবে কর্মরত জনাব মোঃ রফিকুল ইসলাম কাজ করছিলেন। তিনি গত ১৫ ডিসেম্বর ২০২২ তারিখ রাত ৯.৫০মিঃ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে আকস্মিকভাবে মৃত্যুবরণ করেন। তিনি এ সভায় তার মৃত্যুতে শোক প্রস্তাব করেন।

মোঃ রফিকুল ইসলাম গাড়িচালকের মৃত্যুতে সভায় শোক প্রস্তাব গৃহীত হয়।

তিনি মহান বিজয় দিবস ২০২২ সকলের সহযোগিতায় সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় সবাইকে ধন্যবাদ জানান।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

নভেম্বর ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় নভেম্বর ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে নভেম্বর ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সুপারিশ পাওয়া গেছে। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করে সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩** **সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪** **মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

## বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সবাইকে আগাম ইংরেজী নববর্ষের শুভেচ্ছা জানিয়ে সভায় জানান যে, রোপা মৌসুম শেষ হয়েছে। এবার থেমে থেমে বৃষ্টি হওয়ার কারণে পরিমিত সার ব্যবহার করা হয় ফলে পোকার আক্রমন কম হওয়ায় ধানের ফলন ভাল হয়েছে। এবার লক্ষ্যমাত্রার চেয়ে বেশী ফলন হয়েছে। ভোজ্য তেলের আমদানী নির্ভরতা কমাতে এবার ৪২৮ হেক্টর জমিতে অতিরিক্ত সরিষার আবাদ করা হচ্ছে। জনাব আজমত আলী খুচরা সার ব্যবসায়ী প্রবাসে থাকায় তার লাইসেন্সটি বাতিলসহ জামানত ফেরত চেয়ে আবেদন করেছেন। সভার সিদ্ধান্তক্রমে জামানত বাবদ ৩০,০০০/-(ত্রিশহাজার) টাকা মাত্র ফেরত দেয়া হবে। তবে সারের লাইসেন্সের চাহিদা রয়েছে। আবেদন পেলে সভার সিদ্ধান্তক্রমে সারের লাইসেন্স প্রদান করা হবে মর্মে তিনি সভায় উল্লেখ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর ২০২৩ সালে বিশ্ব পরিস্থিতির কারণে সমস্যা হতে পারে মর্মে সরকার কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদের উপর জোর দিয়েছে। এটি বাস্তবায়ন করা আমাদের দায়িত্ব। তিনি সংশ্লিষ্ট দপ্তরকে সরকারি নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ দপ্তরকে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর।<br>২. উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তা এবং উপজেরা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>তিনি সভায় আরও জানান যে, শীত মৌসুমে শিশু, বৃদ্ধ ও নারীরা ডায়রিয়ায় বেশী আক্রান্ত হচ্ছেন। তিনি নভেম্বর ২০২২ মাসের তথ্য সভায় উপস্থাপন করে বলেন যে, অন্তঃবিভাগে ৭০৯ জন এবং দৈনিক অবস্থিত রোগীর সংখ্যা ১৫২০ জন এবং শয্যা ব্যবহারের হার ১০১.৩৩%। বহির্বিভাগে মোট ৭,৭০৪ জন এবং জরুরী বিভাগে ১,২৭৩ জন রোগী চিকিৎসা নিয়েছেন। এছাড়াও প্রতি শনিবার সিজার করা হয়। এ মাসে ৬টি সিজার এবং ৯৮টি নরমাল ডেলিভারী হয়েছে। তিনি আরও জানান যে, এ্যানেসথেসিয়ার ডাক্তার না থাকায় সমস্যা হয়। এতে সিজার করার সময় বাহির থেকে এ্যানেসথেসিয়ার ডাক্তার আনতে হয়। তিনি এ হাসপাতালে এ্যানেসথেসিয়ার ডাক্তার পদায়নের বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. এ্যানেসথেসিয়ার ডাক্তার পদায়নের জন্য স্বাস্থ্য বিভাগে যোগাযোগ করার অনুরোধ করা হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, প্রতিমাসের মত এবার মুকুন্দপুর ইউনিয়নে ভেটেরিনারি ক্যাম্প করেছেন। PPR রোগের ইতোপূর্বে ভ্যাকসিন দেয়া হয়েছে। ৬ মাস পর পর ভ্যাকসিন দিতে হয়। আবারও ভ্যাকসিন আসবে। গত এক মাসে ২,১৮৯টি গবাদি প্রাণির এবং ৯১৩৫টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে খামারীগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়নি। কৃত্রিম প্রজনন ৪৩৫ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৪১টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ২৩৬০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ৩০,০০০ মাত্রা। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প এ মাসে ১টি হয়েছে এবং ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। বর্তমানে কোন রোগের প্রাদুর্ভাব নেই। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. প্রাণি সেক্টরে উৎপাদন বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ধানজুড়ি আশুরার বিলে কাজ করেছেন। ক্ষুদ্র ঋণের বকেয়া আদায়ের কার্যক্রম চলমান রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি ডেপুটি জেনারেল ম্যানেজার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ইরি মৌসুম চলছে। সেচ নীতিমালা অনুযায়ী সংযোগ দেয়া হচ্ছে। শীতকালের কারণে বিদ্যুৎ ঘাটতি নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ বিদ্যুতের কাজ করেন এমন ব্যক্তিদের তালিকা থানায় দেয়ার জন্য অনুরোধ করেন। দিপবিস-২ এর প্রতিনিধি ২৯ জন ঠিকাদার ৫টি হেডে কাজ করেন তাদের তালিকা দিবেন মর্মে সভায় জানান। অফিসার ইনচার্জ তালিকা যাচাই-বাছাই করবেন মর্মে সভায় উল্লেখ করেন। | ২. **ট্রান্সফরমার নিয়ে কাজ করে এমন ব্যক্তির তালিকা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।** | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। তিনি আরও জানান যে, এডিপি'র প্রকল্প গ্রহণের কার্যক্রম চলছে। অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে দ্রব্যমূল্যের মূল্য বৃদ্ধি পাওয়ায় চলমান কাজ স্থবির হয়ে পড়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ শেষ করার লক্ষ্যে ঠিকাদারকে পত্র দেয়ার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী (পিআরএলরত), BADC (সেচ), বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এখন সেচের পিক আওয়ার চলছে। সেচের লাইসেন্স গ্রাহক পর্যায়ে পাচ্ছে না। বিদ্যুৎ সংযোগ দিতে হবে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ তদন্তের সময় সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানকে সাথে নিয়ে তদন্ত করলে তদন্ত সঠিক হবে মর্মে অভিমত ব্যক্ত করেন। সেই সাথে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের মতামত নেয়ার জন্যও অনুরোধ করেন।<br>আবাদী জমি সেচের আওতায় আছে তাই নতুন কর লাইসেন্স দেয়ার সুযোগ নেই। তবে লাইসেন্স নবায়ন করা যেতে পারে মর্মে উপজেলা কৃষি অফিসার সভায় উল্লেখ করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর তার মতামতের সাথে সহমত পোষন করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নতুন কর লাইসেন্স না দিয়ে লাইসেন্স নবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উক্ত দপ্তরের ২৫টি গভীর নলকূপ আছে এবং সেগুলো চালু আছে। তিনি আরও জানান খুব শীঘ্রই উপজেলা পরিষদে অফিস শুরু করা হবে। দাপ্তরিকভাবে বিল্ডিংটিতে রং করা হয়েছে। উপজেলা পরিষদ চত্বরে অফিস বরাদ্দ প্রদান করায় ধন্যবাদ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। তিনি সভায় আরও জানান যে, প্রতিটি অনুষ্ঠানে সহযোগিতা করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। দিওড় এবং পলিপ্রয়াগপুর ইউনিয়নে চুরি বেশী হচ্ছে। গ্রামপুলিশগণ সঠিকভাবে দায়িত্ব পালন করলে চুরি প্রতিরোধ করা সম্ভব হবে। গরু এবং ট্রান্সফরমার চুরিতে গাড়ি ব্যবহার হচ্ছে। গভীর রাতে ও ভোর বেলায় চলাচলকারী গাড়িগুলো চ্যালেঞ্জ করলে চোর ধরা যেত। বাড়িতে গরুগুলো নিরাপদভাবে রাখা হয়না ফলে চোর সহজেই চুরি করতে পারে। এ বিষয়ে সচেতনতা বাড়াতে হবে। ট্রান্সফরমার চুরি যারা করে তারা অবশ্যই অভিজ্ঞ লোক। সাধারণ লোকের পক্ষে এটি চুরি করা সম্ভব নয়। দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কাছে এ কাজে অভিজ্ঞ লোকের তালিকা চাওয়া হয়েছিল কিন্তু অদ্যাবধি সে তালিকা পাওয়া যায়নি। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুরের বাসার মিটারটি চুরি হয়েছে। চোর সনাক্ত করা গেছে কিন্তু নওগাঁ থেকে চোরকে আনা যাচ্ছে না। তবে চেষ্টা অব্যাহত আছে। মিটারগুলো নিচু স্থানে স্থাপন করায় চুরি করা সহজ হচ্ছে। তিনি নিরাপদ স্থানে মিটার স্থাপন করার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. **ট্রান্সফরমারের কাজ করে এমন ব্যক্তির তালিকা দেয়ার জন্য তিনি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২-কে পুনরায় অনুরোধ করা হয়।** | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা<br><br>২. জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২. |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ ও স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান যে, ১৮টি বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণের জন্য বরাদ্দ এসেছে। কসবা সাগরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মাটি ভরাট না করে সীমানা প্রাচীর দেয়া হলে বাচ্চাদের স্কুলে আসতে সমস্যা হবে। ব্যক্তিগত পুকুরটি ভরাট না করে সীমানা প্রাচীর দেয়া যাবে না। বেনীপুকুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অফিসকক্ষটি ঝুকিঁপূর্ণ অবস্থায় রয়েছে। তিনি আরও জানান যে, ১ম ২য় শ্রেণির বই এসেছে। উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো পরিদর্শন অব্যাহত রয়েছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর এ প্রসঙ্গে বলেন যে, জানুয়ারি ২০২৩ মাসে তিনি উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসার সংশ্লিষ্ট বিদ্যালয়ে যেয়ে দেখার পর ব্যবস্থা নিতে হবে। তিনি উৎসবমুখর পরিবেশে বই বিতরণ নিশ্চিত করার অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, আগামী ৩০.১২.২০২২ খ্রি. তারিখে ৬৫৫ জন শিক্ষার্থীদের নিয়ে বিরামপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং বিরামপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ভিতরে অবস্থিত বিরামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে ২ টি প্রাথমিক বৃত্তি পরীক্ষা সকাল ১০.০০ টায় শুরু হয়ে দুপুর ১২.০০ টায় শেষ হবে। ১ জানুয়ারি বই উৎসব হবে। কর্মকর্তাগণকে তাদের জন্য নির্ধারিত শিক্ষা প্রতিষ্ঠানে যেয়ে বই বিতরণ অনুষ্ঠান সফল করার জন্য অনুরোধ করেন। প্রধান শিক্ষকগণকে বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ও কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করার নির্দেশনা প্রদানের জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. উৎসব মুখর পরিবেশে "পাঠ্যপুস্তক উৎসব দিবস" পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুরকে অনুরোধ করা হলো। | ১-৩. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, ২০২৩ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক মাধ্যমিক স্তরে প্রাপ্তি'র হার ৩৬.৬২% । এবতেদায়ী স্তরে প্রাপ্তি'র হার ১৭.৭০%। দাখিল স্তরে প্রাপ্তি'র হার ৫৪.৯০%। কারিগরি স্তরে প্রাপ্তি'র হার ০০% (কোন পাঠ্যপুস্তক পাওয়া যায় নাই)।<br>শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদানের কার্যক্রম চলমান। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের উপবৃত্তির কার্যক্রম চলমান। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন যথারীতি চলছে। জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ বাস্তবায়নের জন্য বিষয়ভিত্তিক প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>আগামী ১ জানুয়ারি ২০২৩ "পাঠ্যপুস্তক উৎসব দিবস" সকল শিক্ষা প্রতিষ্ঠানে উদযাপন করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উৎসব মুখর পরিবেশে "পাঠ্যপুস্তক উৎসব দিবস" পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুরকে অনুরোধ করা হলো। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, হিজরাদের ৫০ বছর না হলে ভাতা দেয়া যেত না। এখন বয়সের কোন সমস্যা নেই। সবাইকে ভাতার আওতায় আনতে হবে। ৪ জন হিজরার ঠিকানা পাওয়া গেছে। দলিত গোষ্ঠীর জন্যও ভাতা আছে। এদের শিক্ষার্থীদের জন্য শিক্ষা ভাতা চালু হবে। তালিকা পাঠাতে হবে।<br>তিনি আরও জানান যে, ঋণ কার্যক্রম চলছে। আদায়ের হার এ জেলার মধ্যে সর্বোচ্চ। ৫,০০,০০০/-(পাঁচলক্ষ) টাকার বেশী আদায় হয়েছে। ভিক্ষুক পুনর্বাসনের জন্য প্রতিজন ২৫,০০০/-(পঁচিশহাজার) টাকা করে বরাদ্দ এসেছে। স্বেচ্ছাসেবী ২০টি সংগঠন আবেদন | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. হিজরা, দলিত গোষ্ঠী এদের শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদানের বিষয়টি গুরুত্ব বিবেচনায় অগ্রাধিকার ভিত্তিতে কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br>৩. শিশু আইন ২০১৩ বাস্তবায়নের উদ্যোগ হিসেবে প্রতিটি ইউনিয়নে সেমিনারের আয়োজন করার জন্য এবং বিষয়টি | ১-৩. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | করেছে তন্মধ্যে ১১টির বরাদ্দ এসেছে। তাদেরকে বরাদ্দকৃত অর্থ প্রদান করা হবে। রোগী কল্যাণ সমিতিরও বরাদ্দ এসেছে। প্রায় প্রতিদিন ঔষধ দেয়া হচ্ছে। ২০টি ক্যাপিটেশন গ্র্যান্ডের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সিএসপি শিশু আইন ২০১৩ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জানুয়ারি ২০২৩ মাস থেকে পর্যায়ক্রমে প্রতিটি ইউনিয়নে সেমিনার অনুষ্ঠিত হবে। সেমিনারের সময়সূচি খুব শীঘ্রই প্রদান করা হবে। মাননীয় প্রধানমন্ত্রী শিশুদের বিষয়ে খুব আগ্রহী। ২০২৪ সালের মধ্যে শিশু আইন ২০১৩ বাস্তবায়ন করতে হবে।<br>আগামী ০২ জানুয়ারি ২০২৩ তারিখ জাতীয় সমাজসেবা দিবস পালিত হবে। উক্ত দিবসটি পালনের লক্ষে সকলকে উপস্থিত থাকার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর অনুরোধ জানান। | মাননীয় জাতীয় সংসদ সদস্য দিনাজপুর-৬ কে অবহিত করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br>৪. জাতীয় সমাজসেবা দিবস ২০২৩ এ সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২৩-২০২৪ চক্রে মোট ২,২৪৮ জন উপকারভোগী নির্বাচনের নির্দেশনা রয়েছে। এর পরিপ্রেক্ষিতে বিরামপুর উপজেলার ৭টি ইউনিয়নে মোট ৯,৩১৫ জন Online এ আবেদন করছেন। প্রাথমিকভাবে আবেদনগুলো যাচাই-বাছাই করে ইউনিয়ন পর্যায় থেকে ছক-২ তালিকাভুক্ত করা হয়। অতঃপর উপজেলা VWD কমিটি কর্তৃক ছক-২ যাচাই-বাছাই করে কিছু নাম VWD নীতিমালার আলোকে সংশোধন করে ছক-৩ প্রস্তুত করা হয়েছে। এছাড়াও উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পের ১৮তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নির্দিষ্ট সময়ের মধ্যে ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগী নির্বাচন করার জন্য অনুরোধ করা হয়। | ১ ও ২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৯<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর বা প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, বাবা-মার নাম না মিললে ডুপ্লিকেট জন্ম সনদ দেয়া যাবে না। জন্ম সাল পরিবর্তনের ক্ষেত্রে জন্ম নিবন্ধক, ঢাকা বরাবর আবেদন পাঠাতে হবে। প্রমাণক হিসেবে নিবন্ধনের তারিখ তারা যাচাই করে দেখবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, শেখ হাসিনা এ্যাওয়ার্ড দেয়া হবে ১৫ জনকে। খুব শীঘ্রই বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। ১৫ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে আবেদন করতে হবে। এছাড়াও ভাল যুব ক্লাবগুলোকে অনুদান দেয়া হবে। Online-এ ১৫ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে আবেদন করতে হবে।<br>২০২২-২০২৩ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ০৭টি ব্যাচের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে বরাদ্দ মোতাবেক ২টি প্রশিক্ষণ কোর্স সমাপ্ত হয়েছে। এ ছাড়াও দিনাজপুর জেলা কার্যালয়ের আওতায় ১ জানুয়ারি ২০২৩খ্রি. হতে ৩ (তিন) মাস মেয়াদি 'গবাদিপশু, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক' ট্রেডে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স শুরু | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | হবে এবং বিরামপুর উপজেলা হতে ০৪ (চার)জন প্রশিক্ষণার্থীকে প্রেরণ নিশ্চিত করতে মনোনয়ন দেয়া হয়েছে।<br>তিনি আরও জানান যে, পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী থেকে সর্বমোট ২০,৮০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =৮৯৬০০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট = ৮৯৬০০০/- টাকা এবং আদায় হার শতকরা -১০০%।<br>আত্মকর্মসংস্থান কর্মসূচীর ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ করা হয়েছে ২,৬৮,৯৬,০০০/- টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২৩৭৮৬২০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট = ২১৩০৪৪২৬/- টাকা এবং আদায় হার শতকরা ৯০%। | | |
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম মোটামুটি স্বাভাবিকভাবে চলছে। প্লানিং মনিটরিং সভা ৬ মাস পর পর হয়। স্বল্প জনবল নিয়ে কাজ করলেও বিভাগীয় পর্যায়ে বিরামপুর উপজেলার অবস্থান ভাল হওয়ায় ধন্যবাদ জানানো হয়েছে। বিরামপুরের অর্জন ৮০%। স্থায়ী পদ্ধতি কম। বিনাইলের অবস্থা খুব খারাপ। কাটলায় পরিচ্ছন্নতাকর্মী নেই। ডেলিভারী হচ্ছে কিন্তু পরিস্কার করা যাচ্ছে না। তিনি আয়া দিয়ে সহযোগিতা করার জন্য চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদকে অনুরোধ করেন। দিওড়ে জায়গা নিয়ে সমস্যা। প্রাচীর দিলে সমস্যা থাকবে না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদকে পরিচ্ছন্নতাকর্মী দিয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ১৮২টি নলকূপ স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। আরও ১৮২টি নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। মুজিববর্ষ উপলক্ষ্যে নির্মিত গৃহগুলোতে নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে এবং নির্মিতব্য গৃহের জন্য চাহিদা প্রেরণ করা হয়েছে। এছাড়াও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশব্লকের কাজ চলমান রয়েছে এবং ৫৭টির চাহিদা প্রেরণ করা হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নলকূপ স্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | ১. উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিরামপুর। |
| আলোচনাঃ ২৪<br>উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কম্বল বিতরণ শেষ হয়েছে। ৪০ দিনের কর্মসূচি চলছে।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর ৪০ দিনের কর্মসূচির শ্রমিক এবং স্থানীয় সরকার প্রকৌশল দপ্তর কর্তৃক নিয়োজিত মহিলারা যেন সঠিকভাবে কাজ করে এ বিষয়টি আরও নিবিড়ভাবে মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট দপ্তরসহ অন্য দপ্তরের কর্মকর্তাগণকে তিনি অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ৪০দিনের কর্মসূচির শ্রমিক এবং স্থানীয় সরকার প্রকৌশল দপ্তর কর্তৃক নিয়োজিত মহিলারা যে কাজে নিয়োজিত সে কাজ সঠিকভাবে করছে কি-না তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরসহ অন্যান্য দপ্তরের কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর।<br>২. উপজেলা প্রকৌশলী, বিরামপুরসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি জনাব গিয়াস ইবনে হাবিব সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। এ জিজ্ঞাসার জবাবে তিনি জানান যে, দারিদ্রতা বিষয়ে ৫ বছর পর পর জরিপ কার্যক্রম পরিচালিত হয়।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর সভায় জানান যে, আদম শুমারী এবার সঠিকভাবে হয়নি। কারণ তার বাড়ির অনেক সদস্য এ শুমারীর আওতায় আসেনি। সভায় বেশ কয়েকজন তার সাথে একমত পোষণ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। একক গৃহবাসীদের নিয়ে সমিতি গঠন করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। টেন্ডার হয়েছে। লালদীঘিতে ১৪ টি পরিবার বন বিভাগের জায়গায় রয়েছে। উক্ত ১৪টি পরিবারকে নোটিশ প্রদান করা হয়েছে জায়গা ছেড়ে দেয়ার জন্য। তাদের কোন জায়গা নেই। পুনর্বাসন করতে হবে।<br>উপজেলা নির্বাহী অফিসার বিরামপুর একক গৃহে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা যেতে পারে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বন বিভাগের জায়গায় বসবাসকারীদের গৃহহীনদের জন্য নির্মিত একক গৃহে আবাসন ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হয়। | ১. রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় না থাকায় উক্ত দপ্ত সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প ২য় পর্যায় | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর ইংরেজী নববর্ষের আগাম শুভেচ্ছা জানিয়ে সভায় জানান যে, স্বাভাবিক কার্যক্রম চলছে। তিনি আরও জানান যে, ১৫ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে Online-এ মূল্যায়নের কাজ সম্পন্ন হয়েছে। আগামী ৩১.১২.২০২২ খ্রি. এর মধ্যে ২০২০-২০২১ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের কাজ সম্পন্ন করে প্রকল্প অফিসে বিল পাঠানোর নির্দেশনা থাকলেও এখন পর্যন্ত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে মালামাল (বেঞ্চ ও কম্পিউটার) পাওয়া যায় নাই। অডিট টিম আসবে। অডিট সম্পন্ন করার জন্য প্রস্তুতি গ্রহণ করতে হবে।<br>উপজেলা পরিষদের চেয়ারম্যান কমিটির দ্বি-মাসিক সভাগুলি নিয়মিত করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার এই বিষয়ে সহমত পোষন করেন।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার বিল দাখিলের সময় বৃদ্ধির জন্য পত্র প্রদানের অনুরোধসহ দ্রুত প্রকল্প বাস্তবায়ন করে নির্ধারিত সময়ের মধ্যে বিল প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা প্রকৌশলীকে প্রকল্পগুলো দ্রুত শেষ করার লক্ষ্যে সংশ্লিষ্ট ঠিকাদারকে তাগিদ পত্র দেয়ার জন্য অনুরোধ করা হয়।<br>৩. সংশ্লিস্ট কমিটির সদস্য-সচিবগণকে নিয়মিতভাবে উপজেলা কমিটির সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. বিল দাখিলের সময় বৃদ্ধির জন্য প্রদানের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. Upazila Development Facilitator, বিরামপুর<br>২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর।<br>৩. সদস্য-সচিব, ১৭টি উপজেলা কমিটি, বিরামপুর।<br>৪. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩৪<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৫<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৬<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৭<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৯<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪০<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যের মধ্যে জনাব আঞ্জুরা পারভীন উপস্থিত রয়েছে এবং তিনি শুভেচ্ছা জানান। অপর ২ জন অনুপস্থিত থাকায় তাদের কোন বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪২<br>মেয়র, বিরামপুর পৌরসভা | প্যানেল মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর সভায় বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর। |
| আলোচনাঃ ৪৩<br>ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর | ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ সভায় সবাইকে ইংরেজী নববর্ষের অগ্রিম শুভেচ্ছা জানান। | -- | -- |
| আলোচনাঃ ৪৪<br>ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় সবাইকে ইংরেজী নববর্ষের অগ্রিম শুভেচ্ছা জানান। | -- | -- |
| বিবিধ<br>আলোচনাঃ ৪৫ | ক. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, ১৫ ডিসেম্বর ২০২২ তারিখে উপজেলা পরিষদের দৈনিক হাজিরার ভিত্তিতে নিয়োজিত মালি মৃত্যুবরণ করায় দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সমপাদনের জন্য তদস্থলে একজন মালি নেয়ার প্রস্তাব করেন।<br><br>খ. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, তার বাসভবনের সামনের গোলঘরটি সাক্ষাৎপ্রার্থী, আনসার সদস্যগণ এবং নিরাপত্তা প্রহরীগণ ব্যবহার করে থাকেন। এটির পলেস্তারা খুলে গেছে, বৈদ্যুতিক ওয়েরিং করা নেই এবং চারিদিকে ঘেরা নাথাকায় ঝড়বৃষ্টিতে এখানে অবস্থান করা যায় না। ফলে গোলঘরটি জরুরীভিত্তিতে সংস্কার ও মেরামত এবং বৈদ্যুতিক ওয়েরিং করা প্রয়োজন। তিনি গোলঘরটি জরুরীভিত্তিতে সংস্কার ও মেরামত এবং বৈদ্যুতিক ওয়েরিং করার প্রস্তাব করেন। এতে সম্ভাব্য ব্যয় হতে পারে ১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশহাজার) টাকা। | ক. সরকার কর্তৃক আরোপিত বিধি-বিধান অনুসরণ করে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে সরকার অনুমোদিত হারে দৈনিক চুক্তিতে একজন মালি নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br><br>খ. গোলঘরটি জরুরীভিত্তিতে সংস্কার ও মেরামত এবং বৈদ্যুতিক ওয়েরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব হতে মিটানোর সিদ্ধান্তও গৃহীত হয়। প্রস্তাবিত কমিটি অনুমোদন করা হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ক. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর।<br><br>খ. উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর। |

<table>
<tr><th>দপ্তর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td rowspan="3">বিবিধ<br>আলোচনাঃ ৪৫</td><td>প্রকল্পের নামঃ গোলঘর সংস্কার ও মেরামত এবং বৈদ্যুতিক ওয়েরিং প্রকল্প।<br>নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে প্রকল্প কমিটি গঠনের এবং সভায় তা অনুমোদনের প্রস্তাব করা হয়।<br>১. মোঃ আব্দুর রাজ্জাক মন্ডল, চেয়ারম্যান,জোতবানী ইউপি, বিরামপুর-আহ্বায়ক<br>২. মোঃ মোজাম্মেল হক, সদস্য, পলিপ্রয়াগপুর ইউপি, বিরামপুর-সদস্য<br>৩. মোঃ নুরনবী মন্ডল নয়ন, সদস্য জোতবানী ইউপি, বিরামপুর-সদস্য<br>৪. মোছাঃ পারুল বেগম, সংরক্ষিত সদস্য, কাটলা ইউপি, বিরামপুর-সদস্য<br>৫. মোছাঃ ফাহমিদা বেগম, সদস্য কাটলা ইউপি,বিরামপুর-সদস্য</td><td>খ. গোলঘরটি জরুরীভিত্তিতে সংস্কার ও মেরামত এবং বৈদ্যুতিক ওয়েরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব হতে মিটানোর সিদ্ধান্তও গৃহীত হয়। প্রস্তাবিত কমিটি অনুমোদন করা হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।</td><td>ক. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর।<br><br>খ. উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর।</td></tr>
<tr><td>গ. উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) ও ADP (রাজস্ব উদ্বৃত্ত) প্রকল্পের আওতায় দরপত্র বিজ্ঞপ্তি নং-৪/২১-২২ এর বিপরীতে ৮টি প্যাকেজ এবং দরপত্র বিজ্ঞপ্তি নং-৬/২১-২২ এর বিপরীতে ২টি প্যাকেজ মোট (৮+২)=১০টি প্যাকেজের মাধ্যমে দরপত্র আহ্বান করা হয়। ২টি জাতীয় বাংলা ও ২টি জাতীয় ইংরেজী মোট ৪টি পত্রিকায় দরপত্র ২টি প্রকাশ করা হয়। নিম্নে বিলের বিবরণসহ বিল পরিশোধের প্রস্তাব সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>পত্রিকার নাম</th><th>মোট বিল</th><th>১৫% ভ্যাট</th><th>ভ্যাটসহ মোট</th><th>৩% আয়কর</th><th>নীট টাকা</th></tr>
<tr><td>যায়যায়দিন</td><td>১৪৮৬৮/-</td><td>২২৩০/-</td><td>১৭০৯৮/-</td><td>৪৪৭/-</td><td>১৪৪২১/-</td></tr>
<tr><td>বাংলাদেশ টুডে</td><td>৯৬৮৪/-</td><td>১৪৫২/-</td><td>১১১৩৬/-</td><td>২৯১/-</td><td>৯৩৯৩/-</td></tr>
<tr><td>মানবকন্ঠ</td><td>১৩৫০০/-</td><td>২০২৫/-</td><td>১৫৫২৫/-</td><td>৪০৫/-</td><td>১৩০৯৫/-</td></tr>
<tr><td>দি নিউ ন্যাশন</td><td>১৩৩১২/-</td><td>১৯৯৬/-</td><td>১৫৩০৮/-</td><td>৪০০/-</td><td>১২৯১২/-</td></tr>
<tr><td>সর্বমোট=</td><td>৫১৩৬৪/-</td><td>৭৭০৩/-</td><td>৫৯০৬৭/-</td><td>১৫৪৩/-</td><td>৪৯৮২১/-</td></tr>
</table></td><td>গ. ২০২১-২০২২ অর্থবছ রের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) ও ADP (রাজস্ব উদ্বৃত্ত) প্রকল্পের আওতায় প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তির ৪টি পত্রিকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ঢ) অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>গ. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর।</td></tr>
<tr><td>ঘ. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ প্রতি অর্থবছরে ৩০ জুনের পর উন্নয়ন তহবিলে জমা করার নির্দেশনা রয়েছে। সে প্রেক্ষিতে ২০২১-২০২২ অর্থ বছরের সমূদয় ব্যয় নির্বাহ করার পর অবশিষ্ট টাকা=১৯,৫৮,৩৭৭.৭০ (উনিশলক্ষ আটান্নহাজার তিনশত সাতাত্তর টাকা সত্তর পয়সা) মাত্র উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমা করার প্রস্তাব করেন।</td><td>ঘ. উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৫(গ) অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>ঘ. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর।</td></tr>
</table>

৪৬. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**নভেম্বর/২০২২ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের নভেম্বর/২০২২ মাসের সম্মানীভাতা ও বাসা ভাড়া প্রদান | =৪৫,০০০/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের নভেম্বর/২০২২ মাসের সম্মানীভাতা প্রদান | =৫৪,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদ ২ জন কর্মচারীদের নভেম্বর/২০২২ মাসের ২৯ দিনের দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে মজুরী প্রদান। (১৫,৯৫০+১৫,৯৫০)=৩১,৯০০/- টাকা | =৩১,৯০০/- |
| ০৪ | নভেম্বর/২০২২আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | নভেম্বর/২০২২আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি সভায় উল্লেখ করেন যে, ২০২২ সালটি শেষ হয়ে যাচ্ছে। এ এক বছর আমরা এক সাথে কাজ করলাম। সকল দুর্যোগ এক সাথে পাড়ি দিয়েছি। পুরাতনকে মুছে ফেলে আগামী ২০২৩ সালে আমরা আরও উজ্জীবিত হয়ে সকলে মিলে কাজ করতে পারি সেদিকে দৃষ্টি রাখার জন্য তিনি সবাইকে অনুরোধ জানান। বিরামপুর একটি শান্ত উপজেলা। বিরামপুর উপজেলার অসমাপ্ত কাজগুলো সমাপ্ত করার এবং এ উপজেলার উন্নয়নে কাজ করে যাবার প্রত্যাশা রেখে ইংরেজী নতুন বছরের আগাম শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/১২/২২

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২২.১১৮/১(৪৮) তারিখঃ ২২.০১.২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১ দিনাজপুর-৬।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪ জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৬. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৭. জনাব ...............................................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর
০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৯. উপজেলা...........................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১০. চেয়ারম্যান, ..............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
১১. জনাব ............................................................ মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

২২/১/২৩

পরিমল কুমার সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
ফোন ঃ ০৫৩২২-৫৬৪০১ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd